1) শ্রেণি এস্কিমোদের জীবনযাত্রার বর্ণনা করো?

> অবস্থান:- এস্কিমোরা উত্তর আমেরিকা উত্তরাঞ্চলে তুন্দ্রা অঞ্চলে গ্রীনল্যান্ডের তীরবর্তী অঞ্চলে ও সেখানকার অন্যান্য দ্বীপে বাস করে। 'এস্কিমো' (Eskimo) শব্দের অর্থ 'কাঁচা মাংসভক্ষী' (Flesh-eater)। এস্কিমোদের ভাষাও 'এস্কিমো'। এস্কিমোরা দীর্ঘকায় ও বলিষ্ঠ তবে লোকারা ও গোলাকৃতি চেহারার জন্য এদের বেঁটে দেখায়। এদের গায়ের রং হলদেটে এবং চুল কালো।

> পরিবেশের বৈশিষ্ট্য:- ভূলবায়ু অঞ্চলের দিক থেকে এস্কিমোদের অঞ্চল হল তুন্দ্রা অঞ্চল। তুন্দ্রা অঞ্চলে ভূমি শীতকালে বরফে ঢাকা পড়ে যায় এবং গ্রীষ্মকালে বরফ গলে গিয়ে ভূমি আবার দেখা দেয়। তুন্দ্রা অঞ্চলে শীতকাল দীর্ঘস্থায়ী, উষ্ণতা, ~~উষ্ণতা~~ সর্বত্র হিমাঙ্কের অনেক নীচে থাকে। খুললভাগ হিমারাচ্ছাদিত হয়।

> খাদ্য- সংগ্রহের পরিবেশ:- ~~এই অঞ্চলে ভূমি ও ভূলবায়ু পরিবেশ~~ ব বছরের বেশিরভাগ গ্রীষ্মকালই হল শিকারের সেরা সময়। কারণ তখন খাবার পরিষ্কার আবহাওয়া, সর্বদা উষ্ণ সূর্যালোক, বরফমুক্ত সমুদ্র এবং শিকারের প্রাচুর্য। গ্রীষ্মকালে এস্কিমোরা সিলস্কিন বোটস বা সীল মাছের চামড়া দিয়ে তৈরি 'তোপেক' (Topek) নৌকায় সমুদ্রের উপকূলে বাস করে এবং 'কায়াক' (Kayak) নৌকায় করে খোলা সমুদ্রে বড়শি, বল্লম, রাইফেল ইত্যাদির সাহায্যে শিকার করে।

শীতল আবহাওয়া শুরু হওয়ার সঙ্গে সঙ্গে ক্যারিবু (caribou)-র দল দক্ষিন দিকে সরে আসতে থাকে এবং তখন এস্কিমোরা এদের শিকার করে থাকে।

> বাসস্থান ও বাসগৃহ:- খাদ্য সংগ্রহের জন্য সমুদ্রের উপরেই বেশি নির্ভর করতে হয় বলে এস্কিমোরা তাদের বাসস্থান সমুদ্রের তীরেই তৈরি করে।

এস্কিমোরা শীতকালে বরফের ঘরে এবং গ্রীষ্মকালে পাথর, ঘাসের চাপড়া, চামড়া এবং ভেসে আসা কাঠ দিয়ে তেঁতুলের তৈরি করে এবং সিলস্কিন বোটস বা সীল মাছের চামড়া দিয়ে নাকা ঢেকে দিয়ে তাতে বাস করে। গ্রীষ্মকালের এরূপ ঘরকে 'তোপেক' (Topek) বা 'তুপেক (tupek) বলে

শীতকালেও খাদ্যের সন্ধানে এস্কিমোদের ঘুরে বেড়াতে হল বলে প্রতিটি শিবিরে তারা বরফের ঘর তৈরি করে। ঘরগুলি দেখতে গম্বুজের মত বা উলটান বাটির মত হয় এবং প্রবেশপথটি হয় সুড়ঙ্গের মত লম্বা — হামাগুড়ি দিয়ে ভিতরে ঢুকতে হয়। বরফের তৈরি এরূপ ঘরকে 'ইগলু' (igloo, iglu) বলে। এস্কিমো ভাষায় 'ইগলু' শব্দের অর্থ 'গৃহ'। এরূপ ঘর তৈরির ধারণা এস্কিমোরা পেয়েছে সীলমাছের কাছ থেকে



> পোশাক-পরিচ্ছদ: শীতপ্রধান অঞ্চল বলে এস্কিমোরা আপাদমস্তক পোশাক পরে। পুরুষ ও মহিলা সকলের একই ধরনের পোশাক। পোশাকগুলি চামড়া দিয়ে তৈরি। পোশাকগুলি হল—বড় লম্বা ফার (সলোমচর্ম fur), কোট, ফার লেগিংগস (leggings, পায়ের রক্ষার জন্য বহিরাবরণী), ফার দস্তানা, উরু পর্যন্ত উঁচু জুতা এবং মাথায় ফারের চাকা (মস্তকাবরণ)। পাখির চামড়া দিয়ে ভেতরের জামা-কাপড় এবং মেরু ভল্লুকের চামড়া দিয়ে মোজা তৈরি করা হয়।

> যানবাহনের ব্যবস্থা: এস্কিমোরা শীতকালে বরফের ওপর দিয়ে চলাচলের জন্য স্লেজ (sledge) গাড়ি ব্যবহার করে। স্লেজ হল লম্বা কাঠ দিয়ে তৈরি এক প্রকার চাকাবিহীন গাড়ি, বরফের উপর দিয়ে অনায়াসে চলে যায়।